গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০৭.২০-১৭

তারিখঃ ০৪ মাঘ ১৪২৮ / ১৮জানুয়ারি ২০২২

বিষয়: নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী গত ২৭.১২.২০২১ তারিখ অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি/গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি আগামী ৩০.০১.২০২২ তারিখের মধ্যে হার্ডকপি ও সফটকপি আকারে (ই-মেইল-monitor@hsd.gov.bd) নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮/১/২২
(মোহাম্মদ ইকবাল হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল monitor@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। অতিরিক্ত সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১। অতিরিক্ত সচিব (আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৩। মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, তোপখানা রোড, ঢাকা
১৪। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৫। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৬। যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৭। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
১৮। চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালি, ঢাকা
১৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২০। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালি, ঢাকা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : লোকমান হোসেন মিয়া, সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয় সম্মেলন কক্ষ (ভবন নং# ৩, কক্ষ নং#৩৩২)
তারিখ ও সময় : ২৭.১২.২০২১ খ্রিঃ, বেলা: ৪:০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত ২০২১-২০২২ অর্থবছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) সভার কার্যক্রম শুরু করেন। তিনি আসন্ন ওমিক্রন পরিস্থিতি মোকাবেলায় বর্তমান সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপগুলো শুদ্ধাচার চর্চার মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়ন করার তাগিদ দেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, উপসচিব (প্রশাসন-৪) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২. সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে গত ২৯.০৮.২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | সভায় ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২৯২১) সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি, সকল লক্ষ্যমাত্রার প্রমাণক আবশ্যিকভাবে সংরক্ষণ এবং নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়ন করতে হবে।<br>৩) সকল লক্ষ্যমাত্রার ক্ষেত্রে আবশ্যিকভাবে প্রমানক সংরক্ষণ করতে হবে।<br>৪) কর্মপরিকল্পনার লক্ষমাত্রা নির্ধারিত সময়ে অর্জনে সচেষ্ট হতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ/প্রশাসন-৪ |
| ২.২ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা :<br>উপসচিব (প্রশাসন-৪) চলতি কোয়ার্টারে নৈতিকতা কমিটি ও অংশীজন সভা নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি ১২৫ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ এবং কর্মপরিবেশের উন্নয়নের লক্ষ্যমাত্রা ১. কোভিড সংক্রান্ত স্বাস্থ্যবিধি অনুসরণ অর্জিত হয়েছে বলে জানান। সকল ফোকাল পয়েন্টকে নিয়ে একদিনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। সভাপতি দ্বিতীয় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২১) প্রতিবেদন | ১) কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br>২) ফেব্রুয়ারি ২০২২ মাসের প্রথম সপ্তাহে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br>৩) সকল ফোকাল পয়েন্টকে নিয়ে একদিনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | প্রশাসন-৪ |

| | | | |
|---|---|---|---|
| | আগামী ১৫ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে বলেন। তিনি তৃতীয় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রাগুলোকে নির্ধারিত সময়ে অর্জন করার প্রতি জোর দেন। | ৪) ফেব্রুয়ারি ২০২২ মাসের দ্বিতীয় সপ্তাহে ২য় অংশীজন সভা আয়োজন করতে হবে। | |
| ২.৩ | আর্থিক ব্যবস্থাপনা ও উন্নয়ন:<br>সভায় বার্ষিক ক্রয় পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ও পিআইসি সভা এবং প্রকল্প শেষে সম্পদ হস্তান্তরবিধি সম্পর্কিত বিশদ আলোচনা হয়। কোন প্রকল্প/ অপারেশন প্লান এর বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড বাকি থাকলে তা দ্রুত অনুমোদনপূর্বক ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হয়। বার্ষিক উন্নয়ন কর্মসূচি নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে সচেষ্ট হতে বলা হয়। তৃতীয় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে পিএসসি ও পিআইসি সভা আয়োজন করতে অনুরোধ জানানো হয়। | ১) কোন প্রকল্প/ অপারেশন প্লান এর বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড বাকি থাকলে তা দ্রুত অনুমোদনপূর্বক ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>২) বার্ষিক উন্নয়ন কর্মসূচি নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে সচেষ্ট হতে হবে।<br>৩) তৃতীয় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে পিএসসি ও পিআইসি সভা আয়োজন করতে হবে। | উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ |
| ২.৪ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায় অন্যান্য কার্যক্রম:<br>দেশের স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহে দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অনুবিভাগ প্রধান তাদের সংশ্লিষ্ট স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর পরিদর্শন ও পরিবীক্ষণ করা হচ্ছে মর্মে জানানো হয়। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের অ্যাম্বুলেন্স ব্যবস্থাপনায় শৃংখলা আনয়ন, পঙ্গু হাসপাতালে রোগী ভর্তির ক্ষেত্রে অনিয়ম ও বিশৃংঙ্খলা বন্ধকরণে অতিরিক্ত সচিবগণ পরিদর্শন করছেন । জেলা হাসপাতালে স্বাস্থ্য সেবা কাজে নিয়োজিত স্বাস্থ্যকর্মীদের নিয়মিত উপস্থিতি ও পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে দায়িত্বপ্রাপ্ত যুগ্মসচিব নিয়মিত পরিদর্শন করছেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ক্রয়কার্যে স্বচ্ছতা নিশ্চিতকরণে দায়িত্বপ্রাপ্ত উপসচিবগণ নিয়মিত পরিদর্শন করছেন। সভাপতি কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর প্রমাপ মোতাবেক দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত সচিব, যুগ্মসচিব এবং উপসচিবগণকে তাদের পরিদর্শন ও পরিবীক্ষণ অব্যাহত রাখতে অনুরোধ করেন। | ১) কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর প্রমাপ মোতাবেক দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত সচিব, যুগ্মসচিব এবং উপসচিবগণ তাদের পরিদর্শন ও পরিবীক্ষণ অব্যাহত রাখবেন।<br>২) বেসরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখায় এনজিওদের অনুদান প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নের নিমিত্ত একটি ওয়েববেইজড সফট্ওয়্যারর ডেভেলপ করতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ ও দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ |

| | | | |
|---|---|---|---|
| | উপসচিব (প্রশাসন-৪) বেসরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখায় বেসরকারী সংস্থা (এনজিও) দের অনুদান প্রদানের কিছুটা অনিয়ম ও দীর্ঘসূত্রিতা পরিলক্ষিত হয়। তিনি এক্ষেত্রে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে একটি ওয়েববেইজড সফট্ওয়ার ডেভেলপ করার বিষয়ে মতামত প্রদান করেন। সভাপতি সফটওয়্যারটি দ্রুত ডেভেলপ করতে নির্দেশনা প্রদান করেন। | | |

৩. এজেন্ডাভিত্তিক আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

২৯/১/২২

( লোকমান হোসেন মিয়া)
সিনিয়র সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়